দৈনিক বাংলা

তারিখ ... 11 JAN 1993 ...
পৃঃ ৫ ... কলাম ... ২ ...

06

# স্কুলে ভর্তি সংকট

ভাল স্কুলে ভর্তির সমস্যা গত দেড়–দুই দশক ধরে দেশের সর্বত্রই প্রতি বছরের ব্যাপার। তবে রাজধানী ঢাকা নগরীতেই সমস্যাটা বেশী তীব্র। এখানে ছেলেমেয়েদের নামী–দামী স্কুলে ভর্তি করাবার জন্য মা–বাপেরা হুড়োহুড়ি, কাড়াকাড়ি, কান্নাকাটি কোন কিছুই বাদ রাখেন না। ভর্তি পরীক্ষার সম্ভাব্য প্রশ্নের উত্তর তারা পাখিপড়া করান মাসুম বাচ্চাদের, বহনশক্তির বহগুণ বেশী বোঝা চাপান তাদের মাথার উপর। কেউ কেউ প্রাইভেট টিউটরও রাখেন, সম্ভাব্য সকল জায়গায় দেন–দরবার করেন এবং কেউ কেউ মোটা ডোনেশন দেন নগদে অথবা জিনিসে। এরপরও ভর্তিচ্ছুদের একটি সামান্য অংশই তাদের পছন্দের স্কুলে ভর্তি হতে পারে। গত বেশ ক'বছর ধরেই এই ঘটনা ঘটে চলেছে।

ভর্তি সংকটের প্রধান কারণ প্রচলিত শিক্ষা–ব্যবস্থার ত্রুটি, ভর্তিচ্ছুদের অনুপাতে স্কুলের স্বল্পতা এবং ভালো স্কুলের অভাব। মেধা যাচাই ও ডিগ্রী–ডিপ্লোমা পাওয়ার একমাত্র মাপকাঠি পরীক্ষায় পাস বিধায় সবাই সচেষ্ট হন ছেলেমেয়েদের ভাল পাস নিশ্চিত করতে। ভালভাবে যাচাই–বাছাই করে ভর্তি করা হয় বলে যেমন, তেমনি নিয়মিত ও উন্নত পঠন–পাঠনের ফলেও নামী–দামী স্কুলের ছাত্র–ছাত্রীদের পরীক্ষার ফল খুব ভাল হয়। এরাই বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল, ইঞ্জিনীয়ারিং ইত্যাদিতে ভর্তি হওয়ার সুযোগ বেশী পায়। সংক্ষেপে নামী–দামী স্কুলে ভর্তি করানো মানে জীবনে উন্নতির পথ সুগম করা, নিশ্চিত করা।

বছর বছরের ভর্তি সংকট সমাধান করতে হলে উপরের কারণগুলি দূর করতে হবে। বাস্তবভিত্তিক শিক্ষানীতির মাধ্যমে সমগ্র দেশে অভিন্ন শিক্ষা–ব্যবস্থা প্রবর্তিত হলে সকল ছেলে–মেয়ে একই ধরনের শিক্ষালাভ করবে, কম–বেশী প্রায় একই মাপে বিকাশ ঘটবে সবার মেধা। সংশ্লিষ্ট সবাই আন্তরিকভাবে সচেষ্ট হলে বর্তমান ব্যবস্থাতেও ভর্তি সংকট অনেকখানি সুরাহা করা সম্ভব হবে। অভিভাবকগণ যদি নিজ নিজ এলাকার স্কুলগুলিতে ছেলেমেয়েদের ভর্তি করান এবং সেগুলির লেখাপড়া সম্পর্কে সব সময় খোঁজ–খবর রাখেন এবং বাড়িতেও সন্তানের শিক্ষায় যত্ন নেন তাহলে অখ্যাত স্কুলেরও রেজাল্ট ভাল হবে। প্রতিটি স্কুলেরই শিক্ষকদের মেধাবী, সুপ্রশিক্ষিত, দক্ষ ও দায়িত্বনিষ্ঠ হতে হবে। শিক্ষকদের ব্রত ও নিষ্ঠার উপরই ছাত্রছাত্রীদের সুশিক্ষা ও ভাল ফল নির্ভরশীল। ছাত্রছাত্রীদের সংখ্যানুপাতে স্কুলেরও সংখ্যা বৃদ্ধি একান্ত জরুরী।

ভর্তি সংকটের সংগে দেশের সমগ্র শিক্ষা–ব্যবস্থাই বিজড়িত। সুতরাং সামগ্রিক শিক্ষা সংস্কারের মধ্যেই এই সংকটের সমাধান নিহিত।